

# স্কুলে শিক্ষার্থী ভর্তিতে এমপি কোটা থাকছে!

ভর্তি ফরমের মূল্য বাড়বে, বাড়ছে না ভর্তি ফি

■ নিজামুল হক  
সংসদ সদস্য এবং  
শিক্ষা প্রতিষ্ঠানের

আজ ভর্তি নীতিমালা জারি

অনুষ্ঠিত হয়।  
সভা মুন্সে  
জানা গেছে,  
বেসরকারি বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তির  
ফেব্রু-সংসদ সদস্যদের জন্য কোটা  
রাখা হবে। এ জন্য পৃষ্ঠা ২ কলাম ৭

প্রধানমন্ত্রীর দেয়া প্রস্তাব বিবেচনায় এনে  
শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নীতিমালা প্রণয়ন  
করবে শিক্ষা মন্ত্রণালয়। আজ সোমবার  
ভর্তি নীতিমালার প্রজ্ঞাপন জারি করা  
হবে।

গত ৭ নভেম্বর অনুষ্ঠিত শিক্ষা  
মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সভায়  
সংসদ সদস্যরা উপস্থিত শিক্ষামন্ত্রী  
নুরুল ইসলাম নাহিদ এবং সচিব কামাল  
আব্দুল নাসের চৌধুরীকে ২০১৩  
শিক্ষাবর্ষের ভর্তিতে ২ শতাংশ কোটা  
নিশ্চিত করার দায় জাগানো দেন।  
এছাড়া রাজধানীর খ্যাতনামা শিক্ষা  
প্রতিষ্ঠানে ভর্তি ফরমের দাম বাড়িয়ে  
১০০ টাকার পরিবর্তে ৫০০ টাকা করার  
জন্য তাগিদ দেন। এই দুটি বিষয়ই  
আমলে নিয়ে আগামী শিক্ষাবর্ষে ভর্তি  
নীতিমালা প্রণয়ন করা হবে। গড়কাল  
রবিবার শিক্ষা মন্ত্রণালয়ের সভা রুফে  
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক, মাধ্যমিক/  
উচ্চ মাধ্যমিক পর্যায়ে বেসরকারি  
শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তিতে  
অনুসরণীয় নীতিমালা পর্যালোচনা সভা

## স্কুলে শিক্ষার্থী ভর্তিতে

২৪ পৃষ্ঠার পর  
সংশ্লিষ্ট নীতিমালা সংশোধন করার সিদ্ধান্ত হয়েছে। এছাড়া দেশ থেকে দুইশ টাকার  
মধ্যে ভর্তি ফরমের দাম নির্ধারণ করা হবে। তবে আংশিক এমপিওভুক্ত এবং ঢাকার  
বাইরের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ভর্তি ফরমের দাম বাড়ানো হবে না। গত বছর ভর্তি  
ফরমের দাম নেগা হয়েছিল একশ টাকা। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠানগুলো এ নীতিমালা  
উপেক্ষা করে ৫ থেকে ৬শ টাকা আদায় করে।

সভা সম্পর্কে শিক্ষা সচিব কামাল আব্দুল নাসের চৌধুরী জানান, প্রবাসীদের  
সন্তানদের জন্য দুই শতাংশ, শিক্ষা বোর্ড এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের  
(মডিউল) কর্মকর্তাদের সন্তানদের জন্য এক শতাংশ কোটা রাখার বিষয়ে সভায়  
আলোচনা হয়েছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য  
পাঁচ শতাংশ এবং শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের ভর্তির ক্ষেত্রে  
৩৬ টাকা মেট্রোপলিটন এলাকার ন্যূনতম যোগ্যতা থাকে সাপেক্ষে দুই শতাংশ কোটা  
রয়েছে। তিনি জানান, বেসরকারি বিদ্যালয়ে একাত্তর প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে  
শিক্ষার্থী ভর্তি করা হবে। অন্য ক্ষেত্রে ভর্তি পরীক্ষা হবে। তবে নবম শ্রেণিতে শিক্ষার্থী  
ভর্তি হবে জেএসসির ফলের ভিত্তিতে।

শিক্ষা সচিব বলেন, এবারো বাংলা মাধ্যমের বিদ্যালয়ে ভর্তি ফি আট হাজার  
এবং ইংরেজি মাধ্যমের বিদ্যালয়গুলোতে ১০ হাজার টাকা ফি নির্ধারণ করা হবে।

টাকা ফেরত দিতে আরো ১৫ দিন সময়  
শিক্ষার্থী ভর্তিতে অতিরিক্ত টাকা ফেরত না দেয়ার রাজধানীর তিনটি শিক্ষা  
প্রতিষ্ঠানকে আরো ১৫ দিন সময় দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। কামাল আব্দুল নাসের  
চৌধুরী বলেন, এর পরও টাকা ফেরত না দিলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা  
নেয়া হবে বলে জানান। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে গত শিক্ষাবর্ষে শিক্ষার্থী  
ভর্তির সময় নেয়া অতিরিক্ত অর্থ ফেরত অথবা বেতনের সঙ্গে সমন্বয় করতে গত ৩০  
জানুয়ারি নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়।